



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)/Fax- 8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৫৭

তারিখঃ ২২/০৭/১৮খ্রিঃ

বিষয়ঃ ঋণ বিতরণপূর্বক গ্রুপ ছবি সংরক্ষণ সংক্রান্ত।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.১৩, তারিখ ০৩/০১/১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগীদের মধ্যে ঋণ বিতরণের সময় সূত্রস্থ পত্রমূলে গ্রুপ ছবি সংগ্রহ ও সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। বর্ণিত নির্দেশনা সত্ত্বেও কোন কোন উপজেলায় যথাযথভাবে ছবি সংগ্রহ ও সংরক্ষণ করা হচ্ছে না। ঋণ বিতরণকালে প্রয়োজনীয় প্রমাণক হিসেবে ঋণ গ্রহনকারী সদস্যদের গ্রুপ ছবি সংরক্ষণ করা প্রয়োজন। তাই ঋণ বিতরণকালে ঋণের অর্থ ও পাশবইসহ হাই রেজুলেশনের গ্রুপ ছবি (রঙিন ছবি) সংগ্রহ করে উপজেলা দপ্তরে প্রকল্পের কম্পিউটারে মাসভিত্তিক পৃথক ফোন্ডারে সমিতির নাম ও বিতরণের তারিখসহ সংরক্ষণ করতে হবে। সংরক্ষিত ছবি যেকোন সময় প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য বলা হতে পারে। তাছাড়া উপজেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শনকালে বিষয়টি যাচাই করা হবে। প্রকল্পের ঋণ কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরাপত্তার স্বার্থে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে। কোনরূপ ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের দায়ী করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ..... (প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৫৭

তারিখঃ ২২/০৭/১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. প্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি (প্রকল্পভূক্ত ১৫ উপজেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো(প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)।
৬. অফিস নথি/ গার্ড ফাইল।

আল-আমিন  
সহকারী পরিচালক(উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা